# জামায়াত-নেতৃত্বাধীন রাজনৈতিক জোটে যুক্ত হলো এনসিপি ও এলডিপি




সংগৃহীত ছবি

বাংলাদেশের রাজনীতিতে নতুন সমীকরণ তৈরি করে জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন আট দলীয় জোটে যোগ দিয়েছে আরও দুটি রাজনৈতিক দল। নতুনভাবে যুক্ত হওয়া দল দুটি হলো কর্নেল (অব.) অলি আহমদ বীর বিক্রমের নেতৃত্বাধীন লিবারেল ডেমোক্র্যাটিক পার্টি (এলডিপি) এবং জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)।রোববার জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে এই ঘোষণা দেওয়া হয়।

রোববার (২৮ ডিসেম্বর) বিকেল ৫টায় জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনের মাধ্যমে এই রাজনৈতিক জোট সম্প্রসারণের ঘোষণা দেওয়া হয়।

সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি জানান, সমমনা রাজনৈতিক শক্তিগুলোর সমন্বয়ে গঠিত আট দলীয় জোটে আনুষ্ঠানিকভাবে এলডিপি ও এনসিপি যুক্ত হয়েছে।

LENS ASIA

সংবাদ সম্মেলনে এনসিপির কোনো প্রতিনিধি উপস্থিত না থাকলেও এ বিষয়ে ব্যাখ্যা দিয়ে জামায়াত আমির বলেন, এনসিপি নিজস্বভাবে সংবাদ সম্মেলনের মাধ্যমে তাদের অবস্থান ও বিস্তারিত পরিকল্পনা জানাবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এলডিপির সভাপতি কর্নেল (অব.) অলি আহমদ বীর বিক্রম, ইসলামী আন্দোলন বাংলাদেশের প্রেসিডিয়াম সদস্য আশরাফ আলী আকন, খেলাফত মজলিশের নেতা আহমদ আব্দুল বাছেত, জাগপার সহসভাপতি রাশেদ প্রধানসহ জোটভুক্ত আট দলের শীর্ষ নেতারা।

সংবাদ সম্মেলনটি সঞ্চালনা করেন বাংলাদেশ খেলাফত মজলিসের আমির মামুনুল হক।